



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
ফেনী সদর, ফেনী
www.ecs.gov.bd

বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৯ জুলাই ২০২৫ তারিখের পত্র নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.২৫(অংশ)-২০৬ এর নির্দেশনার প্রেক্ষিতে সম্পূরক ভোটার তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ফেনী সদর উপজেলার ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৭ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ভোটারযোগ্য ব্যক্তিদের নিয়ে সম্পূরক ভোটার তালিকা ও কর্তনযোগ্য মৃত ভোটারদের তালিকা জনসাধারণের প্রদর্শনের নিমিত্ত এতদ্বারা প্রকাশ করা হলো।

২। প্রকাশিত সম্পূরক ভোটার তালিকায় কোন তথ্য সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ভোটার ব্যক্তিগতভাবে আগামী ২১ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ফরম (ভোটার তালিকায় অন্তর্ভুক্ত তথ্য সংশোধনের জন্য "ফরম-১৪") এর মাধ্যমে সংশোধনীর পক্ষে যথোপযুক্ত দলিলাদিসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরখাস্ত দাখিলের আহ্বান করা হলো।

টিকাঃ অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা প্রকাশিত স্থান সমূহে (পৌরসভা/ইউনিয়ন পরিষদ কার্যালয়) সম্পূরক ভোটার তালিকা জনসাধারণের প্রদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।

স্থান: উপজেলা নির্বাচন অফিস, ফেনী সদর, ফেনী।
তারিখঃ ১০ আগস্ট ২০২৫ খ্রিঃ


সাইয়েদ মোঃ আনোয়ার খালেদ
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফেনী সদর, ফেনী।
ফোনঃ ০২৩৩৪৪৭৪৩৪৭

স্মারক নং-১৭.১০.৩০২৯.০০০.৩২.০০৩.২৪- ৩৩২
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

তারিখ: ১০ আগস্ট ২০২৫

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৪। জেলা প্রশাসক, ফেনী
- ০৫। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ০৬। প্রশাসক, ফেনী পৌরসভা, ফেনী সদর, ফেনী
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী
- ০৮। প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), ফেনী সদর, ফেনী
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, ফেনী
- ১০। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
- ১১। অফিস কপি


উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফেনী সদর, ফেনী।
ফোনঃ ০২৩৩৪৪৭৪৩৪৭



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
ফেনী সদর, ফেনী
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.১০.৩০২৯.০০০.৩২.০০৩.২৪- ৩৫৬

তারিখ: ১০ আগস্ট ২০২৫

বিষয়ঃ সম্পূরক ভোটার তালিকা প্রকাশ, প্রচার, সংরক্ষণ ও সরবরাহ সংক্রান্ত।

সূত্রঃ পত্র নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.২৫(অংশ)-২০৬; তারিখ- ২৯ জুলাই ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, সম্পূরক ভোটার তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ফেনী সদর উপজেলার ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৭ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ভোটারযোগ্য ব্যক্তিদের নিয়ে সম্পূরক ভোটার তালিকা ও কর্তনযোগ্য মৃত ভোটারদের তালিকা জনসাধারণের প্রদর্শনের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো। বিষয়টি ব্যাপক প্রচারসহ প্রকাশিত সম্পূরক তালিকা সর্বসাধারণের জন্য প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। সম্পূরক ভোটার তালিকায় কোন তথ্য সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ভোটার ব্যক্তিগতভাবে আগামী ২১ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ফরম (ভোটার তালিকায় অন্তর্ভুক্ত তথ্য সংশোধনের জন্য "ফরম-১৪") এর মাধ্যমে সংশোধনীর পক্ষে যথোপযুক্ত দলিলাদিসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরখাস্ত করতে পারবেন।

৩। ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৫(২) এবং ভোটার তালিকা বিধিমালা এর বিধি ২৯ মোতাবেক ছবিসহ ভোটার তালিকার ব্যবহার নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত এবং নির্বাচন কমিশনের অনুমতি ব্যতীত এর কোন প্রকার অনুলিপি তৈরী ও ফটোকপি করা আইনত নিষিদ্ধ। সম্পূরক ভোটার তালিকা শুধু সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে এবং উক্ত তালিকা ২২ আগস্ট ২০২৫ তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরত প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

বর্ণিত অবস্থায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ.....পাতা।

প্রাপক,

০১। প্রশাসক

ফেনী পৌরসভা, ফেনী সদর, ফেনী।

০২। প্রশাসক

..... ইউনিয়ন পরিষদ, ফেনী সদর, ফেনী।

স্মারক নং-১৭.১০.৩০২৯.০০০.৩২.০০৩.২৪- ৩৫৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৪। জেলা প্রশাসক, ফেনী
- ০৫। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী
- ০৯। অফিস কপি


সাইয়েদ মোঃ আনোয়ার খালেদ
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফেনী সদর, ফেনী।
ফোনঃ ০২৩৩৪৪৭৪৩৪৭

তারিখ: ১০ আগস্ট ২০২৫


উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
ফেনী সদর, ফেনী।
ফোনঃ ০২৩৩৪৪৭৪৩৪৭